

## নিয়োগ বিজ্ঞপ্তি:

তৃণমূল উন্নয়ন সংস্থা (টিইউএস), খাগড়াছড়ি পার্বত্য জেলার একটি স্থানীয় এনজিও, রূপান্তর এর কারিগরী সহযোগিতায় ও সুইস এজেন্সি ফর ডেভেলপমেন্ট এন্ড কো-অপারেশন (এসডি)র অর্থায়নে খাগড়াছড়ি পার্বত্য জেলায় “আস্থা” শীর্ষক ৩০ মাস (০১ অক্টোবর ২০২৩ হতে ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত) মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করতে যাচ্ছে। এই প্রকল্পের উদ্দেশ্যসমূহ হচ্ছে- (১) প্রকল্প এলাকায় সাম্প্রদায়িক সহিংসতা প্রতিরোধে এবং শান্তি, সহনশীলতা, সামাজিক সম্প্রীতি ও সুশাসন প্রচারে তৃণমূল পর্যায়ে যুবকদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা, (২) যুব, জনগোষ্ঠীর নেতা এবং বয়োজ্যেষ্ঠদের মধ্যে সুসম্পর্ক ও সুসংগত কার্যক্রমের মাধ্যমে যুব নেতৃত্বের সুযোগ সৃষ্টি করা, ও (৩) জাতীয় যুবনীতি ২০১৭ এর নির্দেশনা অনুযায়ী দেশের তৃণমূল পর্যায়ের যুবক, পুরুষ ও প্রান্তিক নারীদেরকে দেশের মূলধারার উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত করা। উক্ত প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের কাছ থেকে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: সাপোর্ট স্টাফ (০১টি পদ)।

পদের গ্রেড/লেবেল: ই

চুক্তির ধরণ: ফিক্স (প্রকল্প মেয়াদ)।

চাকরী স্থান: প্রধান কার্যালয়, তৃণমূল উন্নয়ন সংস্থা।

রিপোর্ট টু: সমন্বয়কারী, অর্থ ও প্রশাসন ও জেলা সমন্বয়কারী।

বেতন ও ভাতাদি: অনুমোদিত প্রকল্পের বাজেট অনুযায়ী।

প্রকল্পের মেয়াদ: ০১ অক্টোবর ২০২৩ হতে ৩১ মার্চ ২০২৬ পর্যন্ত।

অভিজ্ঞতা: ন্যূনতম ০১ বছরের সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: এসএসসি পাশ।

অন্যান্য দক্ষতা:

- কম্পিউটার, ল্যাপটপ, স্মার্টফোন, ট্যাবলেট অফ ও অন করার দক্ষতা।
- ইন্টারনেট ওয়াইফাই সুইচ অফ ও অন করার দক্ষতা।
- মোটর সাইকেল চালনার দক্ষতা।
- শারীরিক সক্ষমতা এবং দুর্গম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- কমিউনিটিদের সাথে সুসম্পর্ক ও যোগাযোগ স্থাপনের জন্য স্থানীয় ভাষায় পারদর্শী হতে হবে।

দায়িত্ব ও কর্তব্য:

সাপোর্ট স্টাফ এর দায়িত্ব ও কর্তব্য হবে নিম্নরূপ:

- ১) নিয়মিতভাবে প্রকল্প কার্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
- ২) অভ্যর্থনা কক্ষে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন।
- ৩) হাজিরা রেজিস্টার, মুভমেন্ট রেজিস্টার, চিঠি বিলি রেজিস্টার ও অফিস নথি সংরক্ষণে সংশ্লিষ্ট কর্মকর্তাকে সহযোগিতা করবেন।
- ৪) মাল্টিমিডিয়া প্রজেক্টর, ফটোকপি মেশিন ও জেনারেটর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবেন।
- ৫) বিভিন্ন কর্মশালা, সেমিনার ও প্রশিক্ষণে সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন।
- ৬) প্রকল্প কার্যালয়ে আগত সুফলভোগীদের শিশু সন্তানদের সার্বিক নিরাপত্তা বিষয়ে সচেতন থাকবেন।
- ৭) প্রকল্প কার্যালয়ের নিরাপত্তা সংক্রান্ত কাজে/দায়িত্বে নিয়োজিত থাকবেন।
- ৮) সুপারভাইজার কর্তৃক অর্পিত যে কোন ধরনের কাজ সম্পাদন করা।



**TRINAMUL**  
**UNNAYAN SANGSTHA**  
(An Organisation for Community Development)

উপরোক্ত পদের জন্য আবেদন করতে হলে অনুগ্রহ করে আপনার আবেদনপত্রটি সংস্থার নির্ধারিত ফরম/জীবনবৃত্তান্ত, ১কপি পিপি সাইজের রঙিন ছবি, সকল একাডেমিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, সার্কেল চীফের সনদপত্র, ইউনিয়ন পরিষদের সনদপত্রের ফটোকপিসহ আগামী ২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় জমা দিন বা প্রেরণ করুন:  
বরাবর, আহ্বায়ক, নিয়োগ কমিটি, তৃণমূল উন্নয়ন সংস্থা, মারমা সংসদ ভবন (২য় তলা), খাগড়াছড়ি পার্বত্য জেলা or email: [tusrecruitment@gmail.com](mailto:tusrecruitment@gmail.com)। খামের উপর প্রার্থীকে অবশ্যই আবেদিত পদের নাম উল্লেখ করতে হবে।

সংক্ষিপ্ত তালিকা আগামী ২২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. বিকাল ৪.৩০ ঘটিকায় তৃণমূল উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে ([www.trinamulchtbd.org](http://www.trinamulchtbd.org)) প্রকাশ করা হবে। শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের আগামী ২৩ সেপ্টেম্বর ২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিতব্য লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। ইন্টারভিউ সেশনে অংশগ্রহণের জন্য সংস্থা কোন প্রকার টিএ/ডিএ প্রদান করবে না।

নারী ও প্রতিবন্ধি প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

**বিশেষ দৃষ্টব্য:** কোন প্রার্থী নিয়োগ প্রক্রিয়ায় হস্তক্ষেপ বা প্রভাবিত করার চেষ্টা করলে তার প্রার্থীতা অযোগ্য বলে বিবেচনা করা হবে। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত, পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করে।

আহ্বায়ক  
নিয়োগ কমিটি  
তৃণমূল উন্নয়ন সংস্থা